তারিখ ... 7 MAY 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫

কালের কণ্ঠ

ড. ফরাসউদ্দিন

# কওমিতে ইংরেজি গণিতও যুক্ত করতে হবে

**নিজস্ব প্রতিবেদক ▷**

শিক্ষার উন্নয়ন করতে হলে মাদ্রাসা শিক্ষা, বিশেষ করে কওমি শিক্ষাকে আলোকধারায় নিয়ে আসা ছাড়া বিকল্প নেই। যারা কওমি বলয়ে আছে, বুঝিয়ে-শুনিয়ে তাদের ধারা বজায় রাখার পাশাপাশি কিছু ট্রেড যোগ করতে হবে। কিছুটা ইংরেজি, গণিতও যুক্ত করতে হবে। কারণ শিক্ষায় আমাদের সংখ্যাগত পরিমাণ বেড়েছে, এখন গুণগত মান বাড়াতে হবে।

গতকাল শনিবার রাজধানীর জাতীয় জাদুঘরের সিনেপ্লেক্স মিলনায়তনে 'দারিদ্র্য দূরীকরণে শিক্ষাই হোক মূল বিনিয়োগ' শীর্ষক সেমিনারে বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এসব কথা বলেন। 'আমরা সূর্যমুখী' নামের একটি সংগঠন এ সেমিনারের আয়োজন করে। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এম এম আকাশ। এ ছাড়া বক্তব্য দেন অর্থনীতিবিদ অধ্যাপক ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহিতউল আলম, অভিনেতা হাসান ইমাম, আয়োজক সংগঠনের নির্বাহী পরিচালক শফিকুল ইসলাম সেলিম প্রমুখ।

ড. ফরাসউদ্দিন বলেন, 'উৎপাদনের জন্য প্রয়োজন মূল দুটি উপাদান। তা হলো শ্রম ও পুঁজি। এ দুটি ছাড়া কোনো দেশের প্রবৃদ্ধি হয় না। পশ্চিমা বিশ্বে পুঁজি থাকলেও তাদের শ্রম নেই। তাই তাদের অর্থনৈতিক প্রবৃদ্ধি নেই বললেই চলে। তবে অর্থনৈতিক প্রবৃদ্ধি পেতে চাইলে অন্য দেশের শ্রমকে স্বাগত জানাতে হবে।'

অধ্যাপক এম এম আকাশ বলেন, 'দরিদ্র মানুষের অধিকাংশ হয় নিরক্ষর অথবা স্বল্পশিক্ষিত। শিক্ষা যত কম, দারিদ্র্য তত বেশি। তবে এ ক্ষেত্রে আনুষ্ঠানিক শিক্ষা কোনো আবশ্যকীয় শর্ত নয়। একজন মুখস্থ করে এমএ পাস করে সেই বিদ্যা যদি কোনো কাজে লাগাতে না পারে, তাহলে তার শিক্ষা বৃথা হয়ে গেল। তাই আর্থিক দারিদ্র্য ও মানসিক দারিদ্র্য ঘোচানোর জন্য আমাদের আনুষ্ঠানিক শিক্ষা বা ফলপ্রসূ শিক্ষার বিস্তার ঘটাতে হবে।